গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
ত্রাণ শাখা
www.munshiganj.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.৫৯০০.০০০.৪১.০২৩.২২.৪৫

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

বিষয়: **গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচীর আওতায় সংরক্ষিত মহিলা আসন-২২ মাননীয় সংসদ সদস্যের অনুকূলে (১ম পর্যায়) মুন্সীগঞ্জ সদর উপজেলায় খাদ্যশস্য চাল ও গম উপ-বরাদ্দ প্রদান**

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পত্র নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০৬.২২.৩৫৯, তারিখ : ০৩/১০/২০২২ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুন্সীগঞ্জ দর এর পত্র নং ৫১.০১.৫৯৫৬.০০০.১৪.০১০.২২.০৪, তারিখঃ ১৬/০১/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ০১ নং পত্রে ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচীর আওতায় মাননীয় সংসদ সদস্য- ৩২২ সংরক্ষিত মহিলা আসন-২২ এর অনুকূলে (১ম পর্যায়) মুন্সীগঞ্জ সদর উপজেলায় মোট ১০.০০০ (দশ দশমিক শূন্য শূন্য শূন্য) মে.টন চাল এবং ১০.০০০ (দশ দশমিক শূন্য শূন্য শূন্য) মে.টন গম বরাদ্দ পাওয়া যায়। সূত্রোক্ত ০২ নং পত্রে মাননীয় সংসদ সদস্য সংরক্ষিত মহিলা আসন-২২ কর্তৃক অনুমোদিত প্রকল্পের পার্শ্বে বর্ণিত পরিমাণ খাদ্যশস্য চাল ও গম নিম্নলিখিত শর্ত মোতাবেক মুন্সীগঞ্জ সদর উপজেলায় উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রম | ইউনিয়ন | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ খাদ্যশস্য চাল | বরাদ্দের পরিমাণ খাদ্যশস্য গম |
|---|---|---|---|---|
| ০১ | পঞ্চসার | ঈশ্বর বাড়ি গোরস্থানের মাটি ভরাট ও উন্নয়ন | **১০.০০০ মে.টন চাল** | - |
| ০২ | পঞ্চসার | রামেরগাঁও মসজিদের মাটি ভরাট ও উন্নয়ন | - | **১০.০০০ মে.টন গম** |
| | | মোট= | **১০.০০০ (দশ দশমিক শূন্য শূন্য শূন্য) মে.টন চাল** | **১০.০০০ (দশ দশমিক শূন্য শূন্য শূন্য) মে.টন গম** |

**শর্তাবলী:**

০১। ২০২২-২০২৩ অর্থ বছরে ১ম কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ বাস্তবায়ন ৩০/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
০২। এ কর্মসূচীর নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
০৩। প্রকল্পের অনুকূলে অর্থ/খাদ্যশস্য ছাড় করার পূর্বে আবশ্যিকভাবে প্রি-ওয়ার্ক মেজারমেন্ট গ্রহণ করে প্রাক্কলন ছক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।
০৪। এ ব্যয় ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল) এবং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) খাত হতে নির্বাহ করা হবে।
০৫। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলকভাবে করতে হবে। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে ও ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করে রাখতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।
০৬। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
০৭। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।
০৮। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পূর্ণ করে কাজ শুরু করতে হবে। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান করতে হবে।
০৯। নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের সাথে পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম

অন্তর্ভূক্ত করতে হবে।

১০। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত নগদ অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে।

**১১**। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি**র** প্রতিবেদন অত্রাফিসের ত্রাণ শাখায় এবং চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

১২। নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১৩। উপ-বরাদ্দ পত্রসহ প্রকল্প তালিকা উপজেলা তথ্য বাতায়নে আপলোড করতে হবে।

৩০-১-২০২৩
কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক
ফোন: ০২-৯৯৭৭৩১১০০
ইমেইল: dcmunshiganj@mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
মুন্সিগঞ্জ সদর

স্মারক নম্বর: ৫১.০১.৫৯০০.০০০.৪১.০২৩.২২.৪৫/১

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর , ঢাকা
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,মুন্সিগঞ্জ
৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
৫) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মুন্সীগঞ্জ সদর
৬) প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সিগঞ্জ (উপ-বরাদ্দ পত্রটি জেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)
৭) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সিগঞ্জ সদর, মুন্সিগঞ্জ (উপ-বরাদ্দ পত্রটি উপজেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)

৩০-১-২০২৩
কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক